

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৯.২২৯

তারিখ: ৫ পৌষ ১৪২৭

২০ ডিসেম্বর ২০২০

পুনঃবিজ্ঞপ্তি

বিষয়: '৯৬তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)'-এর পরিবর্তিত সময়সূচি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকায় বিসিএস ক্যাডারভুক্ত সরকারের যুগ্মসচিব ও সমমর্যাদার কর্মকর্তাগণের জন্য ৯৬তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) পরিবর্তিত সময়সূচি অনুযায়ী আগামী ১০/০১/২০২১ হতে ২৩/০২/২০২১ তারিখ মেয়াদে পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক (ছক) পূরণপূর্বক আগামী ২৯/১২/২০২০ তারিখ (মঙ্গলবার) বিকাল ৫.০০ টার মধ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় (সফট কপি it1@mopa.gov.bd ই-মেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বর্ণিত কোর্সে অংশগ্রহণের জন্য ইচ্ছুক যেসকল কর্মকর্তা ইতঃপূর্বে আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

শর্তাবলি:

- (ক) স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে বিপিএটিসি কর্তৃক কোর্সটি পরিচালিত হবে;
- (খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে অনূর্ধ্ব ৫৬ বছর বয়সী কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
- (ঘ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

২০-১২-২০২০

মোঃ আবদুর রউফ মিয়া

উপসচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল), (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো)
- ২) রেজিস্ট্রার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৩) মহাপরিচালক, সশস্ত্রবাহিনী বিভাগ, প্রশিক্ষণ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, সেনাবাহিনী/নৌবাহিনী/বায়ুবাহিনী সদর দপ্তর।
- ৬) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) উপসচিব, প্রশাসন-১ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ৯) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০) অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় [অতিরিক্ত সচিব (সিপিটি)মহোদয়ের সদয় অবগতির জন্য]

৯৬তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)-এ আবেদনের জন্য নির্ধারিত ছক

১.	কর্মকর্তার নাম:	
	বাংলায়	:
	ইংরেজিতে (বড় অক্ষরে)	:
২.	পরিচিতি নম্বর ও ব্যাচ	:
৩.	পদবি ও কর্মস্থল	:
৪.	জন্ম তারিখ	:
৫.	কোর্স শুরুর তারিখে বয়স	:
৬.	মোবাইল ও টেলিফোন নম্বর	:
৭.	ইমেইল-	:

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

উপযুক্ত কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল